গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গোয়ালন্দ, রাজবাড়ী।
www.dgfood.gov.bd

**রাজবাড়ী জেলাধীন গোয়ালন্দ উপজেলায় আমন ধান সংগ্রহ ২০২৩ সংক্রান্ত উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটির সভার কার্য বিবরনী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ জাকির হোসেন ,উপজেলা নির্বাহী অফিসার ,গোয়ালন্দ,রাজবাড়ী। |
| সভার তারিখ | : ২৮/১১/২০২৩ খ্রিঃ। |
| সময় | : সকাল ১১ ঘটিকা। |
| সভার স্থান | : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ। |

(সভায় উপস্থিত সন্মানিত উপদেষ্টা/সদস্যবৃন্দের হাজিরা -নথিতে সংরক্ষিত)

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটিকে অভ্যন্তরীণ আমন ধান সংগ্রহ /২০২৩-২৪ এর নির্দেশিকা পত্রটি সম্পর্কে বিস্তারিত অবহিত করতে অনোরধ জানানো হলে তিনি খাদ্য মন্ত্রনালয়ের অভ্যন্তরীন সংগ্রহ শাখার ১৪/১১/২০২৩ তারিখের ১৩৫ নং স্মারকে প্রাপ্ত নির্দেশিকা পত্রটি পাঠ করে সভাকে অবহিত করেন। পত্রটি মূল প্রতিপাদ্য বিষয় হলো সরকার অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৩-২৪ ধান সংগ্রহের লক্ষমাত্রা, সংগ্রহ মূল্য, সময়সীমা এবং উপজেলাওয়ারী ধান সংগ্রহের বরাদ্দ প্রদান করা হয়েছে। খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা ২০১৭ অনুসরণ করে সংগ্রহ সফল করতে বলা হয়েছে। গোয়ালন্দ উপজেলায় ৮৬ (ছিয়াশি) মে.টন আমন ধানের বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩০ (ত্রিশ) টাকা ও সংগ্রহের সময়সীমা ২৩ নভেম্বর ২০২৩ হতে ২৮ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারন করা হয়েছে।

উপজেলা কৃষি কর্মকর্তা বলেন যে, ধানের বর্তমান বাজারমূল্য কৃষকের অনুকূলে রয়েছে। ধানের বর্তমান বাজার মূল্য সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের প্রায় সমান হওয়ায় অনেক কৃষক সরকারী খাদ্য গুদামে ধান দিতে ইচ্ছে পোষন করেছেন। তিনি আরো বলেন, এবার আমন ধানের চিটা তুলনামূলক কম, তাই এলএসডিতে ধান বিক্রি করতে গেলে কৃষক যাতে কোন প্রকার হয়রানির শিকার না হয় সে বিষয়ে খেয়াল রাখতে অনুরোধ জানানো হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও কমিটির সভাপতি বলেন যে , এবার ১০০% আমন ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে এবং বিনির্দেশ মোতাবেক ধান সংগ্রহ করতে হবে। কোনভাবেই বির্নিদেশ বর্হিভূত ধান সংগ্রহ করা যাবে না। লটারী করা সম্ভব না হলে "আগে আসলে আগে দিবেন" নির্দেশনা অনুসরন করতে হবে। কৃষকগণ আমন ধান সরবরাহের জন্য স্থানীয় এলএসডিতে আসলে তাদের ধানের গুনগত মান অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭ এর বিনির্দেশ সম্মত বলে প্রতীয়য়মান হলে, কোন প্রকার হয়রানি না করে ধানের মূল্য এ্যাকাউন্ট পেয়িং WQSC (weight quality stock cerificate) বা ওজন মান মজুদ সনদ দ্বারা সরাসরি সংশ্লিষ্ট কৃষকের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এলএসডিতে ফবিদ্যমান ওজন মাপক যন্ত্রের মাধ্যমে কৃষকদের বস্তা ভর্তি ধানের ১০০% ওজন নেয়ার বিষয়ের সভাপতি এলএসডির ভারপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন , উপজেলা কৃষি অফিস কর্তৃক প্রস্তুতকৃত কৃষকদের তালিকায় অন্তর্ভূক্ত প্রকৃত কৃষকদের নিকট হতে ধান সংগ্রহ করতে হবে। ক্রয়কারী কর্মকর্তা কৃষি উপকরণ সহায়তা কার্ড/ জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে তালিকাভূক্ত কৃষকদের সনাক্ত করে, তাদের নিকট হতে ধান ক্রয় করবেন। সভাপতির বক্তব্যের সাথে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন এবং সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহ :

১. কৃষি বিভাগ হতে প্রকৃত কৃষকদের তালিকা এবং কৃষি উপকরণ সহায়ক কার্ড প্রদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. কৃষি বিভাগ হতে প্রস্তুতকৃত তালিকা হতে আগে আসলে আগে দিবেন নির্দেশনা অনুসরন করে কৃষকদের নিকট হতে ধান ক্রয় করতে হবে।

৩.সংগ্রহ কেন্দ্রের ক্রয়কারী কর্মকর্তা প্রকৃত কৃষকদের তালিকা অনুযায়ী তাদের কাছ হতে ধান ক্রয় করবেন। ক্রয়কারী কর্মকর্তাকে কৃষি উপকরণ সহায়তা কার্ড/জাতীয় পরিচয় পত্রের ভিত্তিতে তলিকাভূক্ত কৃষকেদের সনাক্ত করতে হবে। কোন ব্যবসায়ী বা ফড়িয়ার নিকট হতে ধান ক্রয় করা যাবে না।

৪. কৃষকগণ স্থানীয় এলএসডিতে ধান সরবরাহের সাথে সাথেই তাৎক্ষণিকভাবে ওজন মান মজুদ সনদ দ্বারা ব্যাংক হিসাবে মাধ্যমে মূল্য পরিশোধেরে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫. সংগ্রহ কেন্দ্রে বিদ্যমান ওজন মাপক যন্ত্রের মাধ্যমে কৃষকদের বস্তা ভর্তি ধানের ১০০% ওজন প্রদান নিশ্চিত করতে হবে এবং আদ্রতামাপক যন্ত্রের সাহায্যে আদ্রতা ১৪% এর কম হওয়া নিশ্চিত করতে হবে।

৬. কৃষকদেরকে এ বিষয়ে অবহিত করার জন্য বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/১১/২০২৩

(মোঃজাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী
ও
সভাপতি

উপজেলা খাদশস্য সংগ্রহ কমিটি
গোয়ালন্দ, রাজবাড়ী।

স্মারক নং : ১৩.০২.৮২২৯.০০১.০০২.১৪.২৩ - ৫০৫

তারিখ :-২৯/১১/২০২৩খ্রি:

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য :

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১, রাজবাড়ী এবং উপদেষ্টা, খাদ্যশস্য সংগ্রহ কমিটি।
০২. জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী
০৪. উপজেলা কৃষি অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী ও সদস্য, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি।
০৫. উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী ও সদস্য, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি।
০৬. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী ও সদস্য, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি।
০৭. জনাব মোঃ সৈয়দ আলী, সভাপতি চালকল মালিক সমিতি গোয়ালন্দ, রাজবাড়ী।
০৮. জনাব মোঃমুরাদ আলী ভারপ্রাপ্ত কর্মকর্তা, গোয়ালন্দ এলএসডি।
০৯. অফিস কপি।

২৯/১১/২৩

(নিয়াজ মাহমুদ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি
গোয়ালন্দ, রাজবাড়ী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গোয়ালন্দ, রাজবাড়ী ।
www.dgfood.gov.bd

রাজবাড়ী জেলাধীন গোয়ালন্দ উপজেলায় আমন চাল সংগ্রহ ২০২৩ সংক্রান্ত উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটির সভার কার্য বিবরনী ।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ জাকির হোসেন ,উপজেলা নির্বাহী অফিসার ,গোয়ালন্দ,রাজবাড়ী । |
| সভার তারিখ | : ২৮/১১/২০২৩ খ্রিঃ । |
| সময় | :সকাল ১১.৩০ ঘটিকা । |
| সভার স্থান | : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ । |

(সভায় উপস্থিত সন্মানিত উপদেষ্টা/সদস্যবৃন্দের হাজিরা -নথিতে সংরক্ষিত)

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটিকে অভ্যন্তরীণ আমন চাল সংগ্রহ/২০২৩-২০২৪ এর নির্দেশিকা পত্রটি সম্পর্কে বিস্তারিত অবহিত করতে অনুরোধ জানানো হলে তিনি খাদ্য মন্ত্রলায়ের অভ্যন্তরীণ সংগ্রহ শাখার ১৯/১১/২০২৩ তারিখের ১৩৬ নং স্মারকের সংগ্রহ সংক্রান্ত নির্দেশিকা পত্রটি পাঠ করে সভায় উপস্থিত সকলকে অবিহিত করেন। পত্রটির মুল প্রতিপাদ্য বিষয় হলো সরকার উক্ত পত্রের মাধ্যমে ২০২৩-২০২৪ সালের আমন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা, সংগ্রহ মূল্য, সময় সীমা এবং উপজেলাওয়ারী চাল সংগ্রহের বরাদ্দ নির্ধারন পূর্বক সংগ্রহ নীতিমালা -২০১৭ অনুসরণে সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংগ্রহ কমিটিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেছেন। তিনি এ বিষয়ে আরও জানান যে, অত্র গোয়ালন্দ উপজেলায় আমন ২০২৩-২০২৪ মৌসুমে, ৩৪.০০০ (চৌত্রিশ) মে.টন আমন চাল লাইসেন্সধারী বৈধ মিলারদের নিকট হতে সংগ্রহের লক্ষ্যমাত্রা প্রাপ্ত হয়েছে। প্রতি কেজি চালের সংগ্রহ মূল্য ৪৪.০০ (চুয়াল্লিশ) টাকা । আমন চাল সংগ্রহের সময়সীমা ২৩ নভেম্বর ২০২৩ খ্রি: তারিখ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত। জেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে বরাদ্দ প্রাপ্ত মিলারগণের চুক্তি সম্পাদনের সময়সীমা আগামী ২৩ নভেম্বর ২০২৩ হতে ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে ।

মিলের পাক্ষিক মিলিং ক্ষমতা অনুযায়ী জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর হতে প্রাপ্ত ৩৪.০০০ মে:টন আমন চাল বিভাজন নিম্নরূপ:

| ক্রমিক নং | মিল ও মিলারদের নাম ও ঠিকানা | মিলের ধরণ | পাক্ষিক ছাটাই /মিলিং ক্ষমতা চালের আকারে (মে:টন) | ২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দপ্রাপ্ত চালের পরিমাণ (মে:টন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মেসার্স মোহাগ রাইস মিল<br>প্রোঃ মোঃসৈয়দ আলী, গোয়ালন্দ বাজার, গোয়ালন্দ, রাজবাড়ী । | সেমি অটোমেটিক | ৯২.০০০ | ১৮.০০০ | |
| ০২ | মেসার্স ঝর্না রাইস মিল<br>প্রো: মো: মজিবর রহমান ,গোয়ালন্দ বাজার, গোয়ালন্দ, রাজবাড়ী । | হাস্কিং | ৪৯.০০০ | ১০.০০০ | ঝর্না রাইচ মিল বন্ধ থাকা চুক্তি থেকে বাদ দেওয়ার জন্য সুপারিশ করা হলো । |
| ০৩ | মেসার্স হারুন-অর -রশিদ রাইস মিল<br>প্রোঃ মোঃ হারুন অর -রশিদ খান ,গোয়ালন্দ,বাজার , গোয়ালন্দ, রাজবাড়ী । | হাস্কিং | ৩০.০০০ | ০৬.০০০ | |
| | | সর্বমোট = | ১৭১.০০০ | ৩৪.০০০ | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

সিদ্ধান্তসমূহ :

১. ক্রয়কারী কর্মকর্তা ও মূল্য পরিশোধকারী কর্মকর্তা খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা -২০১৭ অনুসরণে বিনির্দেশ মোতাবেক চাল ক্রয় করবেন এবং সংগ্রহ কমিটি সংগৃহীত চালের মান যাচাইয়ের বিষয়টি নিয়মিত মনিটরিং করবেন ।
২. চুক্তি সম্পন্নকারী মিলার হাস্কিং চালকলের চাল সর্টিং (Sorting) করে গুদামে সরবরাহ করতে হবে।
৩. মিলারগণ আগামী ২৩ নভেম্বর ২০২৩ হতে ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে বিধি মোতাবেক চুক্তি সম্পাদন করবেন।
৪. মিলার বরাদ্দ পরিমাণ চাল সরবরাহ করতে ব্যর্থ হলে জেলা খাদ্য শস্য সংগ্রহ কমিটি ঐ পরিমান চাল উপজেলার অন্য এক বা একাধিক আগ্রহী
মিলারের মধ্যে সমন্বয়পুর্বক লক্ষ্যমাত্রা অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন ।
৫. সংগ্রহ মৌসুমে আমন চাল সংগ্রহের সময়সীমা ২৩ নভেম্বর ২০২৩খ্রি: তারিখ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি: মধ্যে চাল ক্রয় সম্পন্ন করতে হবে ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/১১/২০২৩
(মোঃজাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ,রাজবাড়ী
ও
সভাপতি
উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি
গোয়ালন্দ ,রাজবাড়ী ।

নম্বর : ১৩.৮২২৯.০০১.০০২.১৪.২৩ - ৫০৪

তারিখঃ ২৯/১১/২০২৩ খ্রি:

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১, রাজবাড়ী এবং উপদেষ্টা, খাদ্যশস্য সংগ্রহ কমিটি ।
২. জেলা প্রশাসক, রাজবাড়ী ।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী ।
৪. উপজেলা কৃষি অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী ও সদস্য, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি ।
৫. উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী ও সদস্য, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি ।
৬. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী ও সদস্য, উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি ।
৭. জনাব মোঃ সৈয়দ আলী, সভাপতি চালকল মালিক সমিতি গোয়ালন্দ, রাজবাড়ী।
৮. জনাব মোঃ মুরাদ আলী হোসেন ভারপ্রাপ্ত কর্মকর্তা, গোয়ালন্দ এলএসডি ।
৯. অফিস কপি।

২৯/১১/২৩

(নিয়াজ মাহমুদ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
গোয়ালন্দ ,রাজবাড়ী
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যশস্য সংগ্রহ কমিটি
গোয়ালন্দ ,রাজবাড়ী ।